দৈনিক বাংলা

তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 DEC 1988
পৃষ্ঠা ... 1 কলাম ... 5

024

# প্রকৌশল ভার্সিটিতে ভাংচুর: গতকাল ক্লাস হয়নি

(স্টাফ রিপোর্টার)

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে গত দু দিনের হাঙ্গামায় বিভিন্ন অফিস, ক্লাসরুম ও বাসভবনে ভাঙচুর হয়।

কিছু ছাত্র বিশ্ববিদ্যালয় এলাকায় ব্যারিকেড সৃষ্টি করায় এলাকায় যানবাহন চলাচল বন্ধ রয়েছে।

ক্লাস টেস্ট প্রথা বাতিল ও বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবীতে গত দু দিন ধরে ছাত্ররা ক্যাম্পাস ও হল এলাকায় মিছিল করছে। গতকাল বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি।

ঘটনা সম্পর্কে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বলেন, ছাত্রদের এ ধরনের আচরণ দুঃখজনক। তিনি বলেন, বিশ্ব-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ক্লাস হয় নি

(১-এর পৃঃ পর)

বিদ্যালয়ের আইন অনুযায়ী এসব ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

তিনি জানান: ছাত্রদের দাবী দাওয়া সম্পর্কে আগামী ৪ঠা জানুয়ারী একাডেমিক কাউন্সিলে সিদ্ধান্ত নেয়া হবে। এ ব্যাপারে ইতিমধ্যেই নোটিশ দেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অভিযোগ করেছে, শুক্রবার রাতে একদল ছাত্র শিক্ষকদের বাসভবনে ইটপাটকেল নিক্ষেপ ও গাড়ি ভাঙচুর করে।

গতকাল প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সাধারণ সভায় দু সপ্তাহের মধ্যে এ ঘটনার সঙ্গে জড়িত ছাত্রদের সনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান না করা হলে ৭ই জানুয়ারী থেকে শিক্ষক কর্মবিরতি শুরু করার সিদ্ধান্ত নেয়া হয়।

শিক্ষকরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাজকর্মে অংশ গ্রহণ থেকে বিরত থাকারও সিদ্ধান্ত নেন। জরুরী সাধারণ সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি প্রফেসর মীর মোবাশ্বের আলী।

উল্লেখ্য, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ক্লাস টেস্ট বাতিল ও বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবীতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে। আন্দোলনের মুখে বিশ্ববিদ্যালয় একবার অনির্দিষ্টকালের জন্য বন্ধও ঘোষণা করা হয়। জানা গেছে, ছাত্রদের এ দাবী সম্পর্কে ২১শে ডিসেম্বর একাডেমিক কাউন্সিলের সভায় চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার কথা ছিল। কিন্তু এ সভায় সিদ্ধান্ত হয় যে, ছাত্রদের দাবী সম্পর্কে ৪ঠা জানুয়ারীর একাডেমিক কাউন্সিলে সিদ্ধান্ত হবে।